সংবাদ

তারিখ .. 17 JUL SEP. 2015 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ......



‘বেসরকারি বিশ্ববিদ্যালয়ে আরোপিত ভ্যাট প্রত্যাহারের দাবিতে রাজধানীতে শিক্ষার্থীদের আন্দোলন —সংবাদ

ভ্যাট প্রত্যাহারে

# আন্দোলনরত শিক্ষার্থী-পুলিশ সংঘর্ষ

## আহত ২০

নিজস্ব বার্তা পরিবেশক

বেসরকারি বিশ্ববিদ্যালয়ে আরোপিত ভ্যাট প্রত্যাহারের দাবিতে রাজধানীতে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর পুলিশের হামলায় অন্তত ২০ জন আহত হয়েছে। গতকাল দুপুরের দিকে রামপুরার আফতাবনগর এলাকার বেসরকারি ইস্ট-ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ওপর এ হামলা হয়। এ সময়, বাড্ডা-রামপুরা-মালিবাগ সড়ক বন্ধ হয়ে যায়। শিক্ষার্থীরা অভিযোগ করেছেন, পুলিশ তাদের ওপর রাবার বুলেটও ছুড়েছে। বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর মারুফ রহমান বলেন, পুলিশের ছররা গুলিতে বিশ্ববিদ্যালয়ের অ্যাডিশনাল রেজিস্ট্রার মাহফিকুর রহমানসহ অন্তত ছয়জন আহত হয়েছেন।

গুলিবিদ্ধ শিক্ষার্থী : পৃষ্ঠা : ১৫ ক : ৬

## প্রথমবার : থাকছে

(১ম পৃষ্ঠার পর)

সকল পাবলিক বিশ্ববিদ্যালয় রাখা হবে সেই আশা ব্যক্ত করি।’

তিনি আরও জানান, হরিজন কোটায় ০.৫ শতাংশ এবং ‘তৃতীয় লিঙ্গ’ কোটায় আসনের .৫ শতাংশ আসন বরাদ্দ করার প্রাথমিক সিদ্ধান্ত নেয়া হয়েছে।

এ বছর থেকেই এই কোটা চালু হলেও এবারের ভর্তি পরীক্ষায় কোন পরীক্ষার্থী পাওয়া যাবে কিনা একই সাথে সে বিষয়েও সংশয় প্রকাশ করেন উপাচার্য।

এ বিষয়ে উপাচার্য বলেন, ‘এ বছর থেকে এই কোটা চালু করা হলেও এবারের ভর্তি পরীক্ষায় প্রার্থী পাওয়া যাবে কিনা সন্দেহ রয়েছে। কেননা যাদের জন্য এই কোটা রাখা হচ্ছে সেই জায়গা থেকে উচ্চ শিক্ষা লাভের সুযোগ-সুবিধা পায় এমন প্রার্থীর সংখ্যা অতি নগন্য। তারপরও আমারা এ বছর থেকেই এই কোটা চালু করার সিদ্ধান্ত নিয়েছি।’ এই বিষয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) মোর্শেদ উল আলম রনি জানান, ‘কেন্দ্রীয় ভর্তি কমিটির সভায় ‘হরিজন’ ও ‘তৃতীয় লিঙ্গ’ কোটা রাখার সিদ্ধান্ত চূড়ান্ত হয়েছে। কিছুদিনের মধ্যেই তা ভর্তি বিজ্ঞপ্তিতে প্রকাশ করা হবে।’ তিনি আরও জানান, ১৫ সেপ্টেম্বর সকাল ১০টা থেকে ১৫ নভেম্বর রাত ১২টা পর্যন্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীরা মোবাইলে আবেদন করতে বলে শীঘ্রই বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।

উল্লেখ্য যে, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষে স্নাতক প্রথমবর্ষের ভর্তি পরীক্ষা আগামী ৬, ৭, ৮ এবং ১০ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। গতবারের রেকর্ডসংখ্যক ভর্তি জালিয়াতির প্রেক্ষপটে একই সাথে এবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসেই বিভিন্ন শিফটে সকল ইউনিটের ভর্তি পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। গত ১২ আগস্ট কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে স্নাতক প্রথমবর্ষের ভর্তি পরীক্ষা ৬, ৭ এবং ৮ তারিখে নেয়ার সিদ্ধান্ত নেয়া হলেও পরবর্তীতে এই তারিখ পুনর্নির্ধারণ করে ৬, ৭, ৮ এবং ১০ ডিসেম্বর করা হয়।